

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৯১৭

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - সফরের নিয়ম-শৃঙ্খলা

আরবী

وَعَن أنسٍ قَالَ: كُنَّا إِذَا نَزَلْنَا مَنْزِلًا لَا نُسَبِّحُ حَتَّى نحُلَّ الرِّحالَ. رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

৩৯১৭-[২৬] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা যখন কোনো স্থানে অবতরণ করতাম, তখন জন্তু-জানোয়ারের পিঠ হতে সবকিছু নামিয়ে সালাত আদায় করতাম। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ২৫৫১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (كُنَّا إِذَا نَزَلْنَا مَنْزِلًا لَا نُسَبِّحُ حَتَّى نَحُلَّ) আনাস বলেন, আমরা যখন কোনো স্থানে অবতরণ করতাম পশুর পিঠ থেকে বোঝা নামানোর আগে সালাত আদায় করতাম না। 'আল্লামা ত্বীবী বলেনঃ এখানে তাসবীহ দ্বারা উদ্দেশ্য চাশ্তের সালাত। অর্থাৎ সাহাবীগণ সালাতের প্রতি যতুবান হওয়া সত্ত্বেও বাহনের পিঠ থেকে মাল-পত্র নামিয়ে তাকে পরিত্রাণ দেয়ার আগে সালাত আদায় করতেন না। এটা ছিল পশুর প্রতি সাহাবীদের দরদ ও সহানুভূতি প্রদর্শনের বহিঃপ্রকাশ। (মিরকাতুল মাফাতীহ)

ইমাম খত্ত্বাবী বলেনঃ হাদীসের অর্থ হলো, আমরা বাহনের পিঠ থেকে মালপত্র নামানোর আগে চাশ্তের সালাত আদায় করতাম না। কোনো কোনো 'আলিমের মতে আরোহী নিজে খাওয়ার আগে বাহনের পশুকে আগে ঘাস পানি ইত্যাদি খাওয়ানো মুস্তাহাব। ('আওনুল মা'বূদ ৫ম খন্ড, পৃঃ ৫২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=69244}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন